



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জেলা সরকারি গণগ্রন্থাগার
মাগুরা

publiclibrary.magura.gov.bd

নম্বর: ৪৩.২৬.৫৫০০.০০০.২৩.০০৪.২৩.২৩

তারিখ: ২৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার মাগুরায় রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র. নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান
১.	ক	পঞ্চম-অষ্টম	অমর একুশে	১০০০	রচনা ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি এসে জেলা সরকারি গণগ্রন্থাগার, মাগুরা-এ জমা দেওয়া যাবে। রচনা জমা দেওয়ার শেষ তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৪। বিকাল-৪ টা
২.	খ	নবম-দ্বাদশ	মাতৃভাষায় বিজ্ঞান চর্চা	১২০০	
৩.	গ	স্নাতক- স্নাতকোত্তর/সর্বসা ধারণ	একুশের গান ও কবিতা	১৫০০	

খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

ক্র. নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার তারিখ, সময় ও স্থান
১.	ক	শিশু -দ্বিতীয়	উন্মুক্ত	১৭ ফেব্রুয়ারি, ২০২৪। সকাল: ১১.০০ ঘটিকা। জেলা সরকারি গণগ্রন্থাগার মিলনায়তন, মাগুরা
২.	খ	তৃতীয় -সপ্তম		

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবেনা।
২. ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জন্মানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত সকল উপকরণ সঙ্গে নিয়ে আসতে হবে। যে কোন প্রয়োজনে মোঃ আশরাফুজ্জামান, পাঠকক্ষ সহকারী (01749090008) এর সাথে যোগাযোগ করা যাবে।

১০-০২-২০২৪

মোহাম্মদ হাবিবুর রহমান
লাইব্রেরিয়ান

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা;
- ৩। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালক, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালকের দপ্তর, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা;
- ৪। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, মাগুরা;

- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মাগুরা;
- ৬। তথ্য অফিসার, তথ্য অফিসারের দপ্তর, জেলা তথ্য অফিস, মাগুরা;
- ৭। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমী, বাংলাদেশ শিশু একাডেমী, মাগুরা;
- ৮। জেলা কালচারাল অফিসার (অতিরিক্ত দায়িত্ব), কালচারাল অফিসার এর দপ্তর, জেলা শিল্পকলা একাডেমি, মাগুরা;
- ৯। অধ্যক্ষ,.....মাগুরা;
- ১০। প্রধান শিক্ষক,..... মাগুরা এবং
- ১১। অফিস কপি।।

